# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০০৮০, ৫৫০৩০০৭৬, ৫৫০৩০০৮৩, ৮৮১১৬৬৬৫

Fax : 88-02-55030092, E-mail : dg@bsti.gov.bd, bsti@bangla.net, , Website : www.bsti.gov.bd


স্মারক নং: ৩৬.০৫.০০০০.১০৫.১১.০০১.২৩-৭৬০

তারিখ: ৮ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ২২ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিএসটিআই-এর রাজস্ব খাতের অধীনে নিম্নবর্ণিত শূন্যপদসমূহ নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের কাছ থেকে নিম্নলিখিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম. | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) | সর্বোচ্চ বয়স সীমা | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটার সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।) |
|---|---|---|---|---|---|
| ১। | হিসাব রক্ষক<br>গ্রেড-১৩<br>৳ ১১০০০-২৬৫৯০/- | ৩০ বছর | ১টি | অর্থ বা বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। হিসাব বা নিরীক্ষা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঢাকা বিভাগের টাঙ্গাইল জেলা ব্যতীত সকল জেলা; রাজশাহী, চট্টগ্রাম, রংপুর ও ময়মনসিংহ বিভাগের সকল জেলা। |
| ২। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>৳ ১১০০০-২৬৫৯০/- | ৩০ বছর | ৪টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনাল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ। | চট্টগ্রাম, রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগের সকল জেলা। |
| ৩। | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ৩০ বছর | ৩টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনাল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-৩ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা বিভাগের রাজবাড়ী জেলা ব্যতীত সকল জেলা, রংপুর, বরিশাল, সিলেট বিভাগের সকল জেলা। |
| ৪। | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ৩০ বছর | ৭টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ কম্পিউটার টাইপিং-এ ইংরেজিতে ২৮ ও বাংলায় ২০ শব্দের গতি থাকিতে হইবে। কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঢাকা বিভাগের ফরিদপুর ও মাদারীপুর জেলা ব্যতীত সকল জেলা, চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম জেলা ব্যতীত সকল জেলা; রাজশাহী বিভাগের সিরাজগঞ্জ জেলা ব্যতীত সকল জেলা; খুলনা, সিলেট ও রংপুর বিভাগের সকল জেলা। |
| ৫। | নিম্নমান সহকারী/এলডিএ নিম্নমান করনিক<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ৩০ বছর | ২টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট, মুদ্রাক্ষরিক কাজে বা কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | চট্টগ্রাম ও রংপুর বিভাগের সকল জেলা। |
| ৬। | মুদ্রাক্ষরিক/টাইপিষ্ট<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ৩০ বছর | ৪টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ কম্পিউটার টাইপিং-এ ইংরেজিতে ২৮ ও বাংলায় ২০ শব্দের গতি থাকিতে হইবে। কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগের সকল জেলা। |
| ৭। | ভান্ডার রক্ষক<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ৩০ বছর | ১টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। ভান্ডার রক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ঢাকা ও রাজশাহী বিভাগের সকল জেলা। |
| ৮। | ল্যাব সহকারী<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ৩০ বছর | ৫টি | বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল এ ১(এক) বৎসরের ট্রেড সার্টিফিকেটধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ঢাকা বিভাগের ঢাকা, মুন্সিগঞ্জ, ফরিদপুর, টাঙ্গাইল জেলা ব্যতীত সকল জেলা, ময়মনসিংহ বিভাগের জামালপুর জেলা ব্যতীত সকল জেলা; রাজশাহী বিভাগের পাবনা ও সিরাজগঞ্জ জেলা ব্যতীত সকল জেলা; খুলনা বিভাগের সাতক্ষীরা জেলা ব্যতীত সকল জেলা; রংপুর ও সিলেট বিভাগের সকল জেলা। |
| ৯। | গ্লাস ব্লোয়ার<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ৩০ বছর | ১টি | বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল এ ১(এক) বৎসরের ট্রেড সার্টিফিকেট। | ঢাকা বিভাগের সকল জেলা। |



Hasan

| ক্রম. | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) | সর্বোচ্চ বয়স সীমা | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।) |
|---|---|---|---|---|---|
| ১০। | অফিস সহায়ক (এমএলএসএস)<br>গ্রেড-২০<br>৮ ৮২৫০-২০০১০/- | ৩০ বছর | ১১টি | স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি বা সমমান পরীক্ষায় পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ঢাকা, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্টগ্রাম, চাঁদপুর, লক্ষীপুর, কক্সবাজার, রাজশাহী, পাবনা, নওগাঁ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, খুলনা, যশোর, ঝিনাইদহ, সাতক্ষীরা ও সুনামগঞ্জ জেলা। |
| ১১। | নিরাপত্তা প্রহরী (চৌকিদার)<br>গ্রেড-২০<br>৮৮২৫০-২০০১০/- | ৩০ বছর | ৩টি | অষ্টম শ্রেণী পাস। অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনী বা পুলিশ বা আনসার বা অন্য কোন নিরাপত্তা বাহিনীর সদস্যের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | ঢাকা বিভাগের গাজীপুর ও গোপালগঞ্জ জেলা ব্যতীত সকল জেলা; রংপুর বিভাগের গাইবান্ধা জেলা ব্যতীত সকল জেলা; সিলেট বিভাগের সকল জেলা। |
| | | সর্বমোট = | ৪২টি | | |

**আবেদনপত্র দাখিলের শর্তসমূহ:**

(২) বয়সসীমা: ক) ২৫-০৬-২০২৩খ্রি. তারিখে আবেদনকারীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩০ বৎসর।
খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩২ বছর পর্যন্ত। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৩) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

(৪) বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

(৫) জাতীয়তা: ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(৬) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রর্দশন করতে হবে।

(৭) লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উর্ত্তীন প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:
ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র/Applicants Copy ও প্রবেশপত্র।
খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ
গ) ২টি কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র।
ঙ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
চ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
ছ) বিভিন্ন কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
জ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা আবেদনকারী যে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা তার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি।
ঝ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রীকে উপরোল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

(৮) প্রার্থী কর্তৃক কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গড়মিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে বাতিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(৯) এ নিয়োগ বিজ্ঞপ্তি ও নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলি এবং আবেদন ফরম পূরণের পূর্ণাঙ্গ নিয়মাবলি পত্রিকা ছাড়াও বিএসটিআই'র ওয়েবসাইট (website: www.bsti.gov.bd) ও টেলিটকের (http://bsti.teletalk.com.bd) ওয়েবসাইটে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/bsti এ সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। লিখিত/ব্যবহারিক /মৌখিকর সময়সূচি এবং ফলাফল বিএসটিআই কার্যালয়ের website: www.bsti.gov.bd এ প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষার সময়সূচি প্রার্থীর আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমেও জানানো হবে।

(১০) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১১) অনলাইন-এ পূরণকৃত বীর মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

(১২) কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক যে কোন অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিচেচিত হবে না। তবে তথ্য গোপন রেখে আবেদন করলে বিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৩) আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না এবং ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে।

(১৪) প্রার্থী কর্তৃক উল্লিখিত স্থায়ী ঠিকানার জেলার প্রার্থী হিসাবে পরীক্ষার ফলাফল নির্ধারণ করা হবে। আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও আবেদনে উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

(১৫) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

(১৬) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষন করে।

(১৭) পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(১৮) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৯) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**
(ক) আগ্রহী প্রার্থীগণকে http://bsti.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।



DAILY NOTICE PUBLISH

i. Online আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫-০৬-২০২৩ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা।

ii. Online আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২৩-০৭-২০২৩, বিকাল: ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60kb হতে হবে।

(গ) Online আবেদনে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **Online -এ আবেদনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেওয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১-৯ নং ক্রমিকের বর্ণিত পদসমূহের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ২৩/- (তেইশ) টাকা অফেরতযোগ্য অর্থাৎ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ১০-১১ নং ক্রমিকের বর্ণিত পদসমূহের জন্য পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং অনলাইন ফি বাবাদ ১২/- (বারো) টাকা অফেরতযোগ্য অর্থাৎ মোট ১১২/- (একশত বারো) টাকা ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**SMS এর নিয়মাবলী**

i. **প্রথম SMS:** BSTI<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। **Example: BSTI ABCDEF**
Reply: Applicant's Name, Tk. 223/112 will be charged as application fee.
Your PIN is XXXXXXXXXXX. To pay fee Type BSTI<space>Yes<space>PIN and send to 16222

ii. **দ্বিতীয় SMS:** BSTI<space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে। **Example: BSTI Yes XXXXXXXXX.**
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BSTI Application for post XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXX).
প্রার্থী কর্তৃক দ্বিতীয় SMS প্রেরণের পর তিনি ফিরতি SMS এ Password পাবেন। এই Password, Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থীকে সংরক্ষণ করতে হবে।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bsti.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা বিএসটিআই কার্যালয়ের website: www.bsti.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

DAILY NOTICE PUBLISH
Online Job Protal

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BSTI<space>Help<space>User<space>User ID & Send to 16222.
**Example: BSTI Help User ABCDEF & Send to 16222.**

ii PIN Number জানা থাকলে BSTI <space>Help<space>PIN<space>PIN No. & Send to 16222.
**Example: BSTI Help PIN 12345678 & send to 16222**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিএসটিআই'র ওয়েবসাইটে website: www.bsti.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/bsti ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য বিএসটিআই'র ওয়েবসাইটে website: www.bsti.gov.bd হতে জানা যাবে। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর হতে 121 নম্বরে কল করতে পারবেন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করতে পারবেন। এছাড়াও vas.query@teletalk.com.bd ই-মেইলে জানতে পারবেন।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা https://alljobs.query@teletalk.com.bd ও asee@bsti.gov.bd ই-মেইলে, এছাড়া টেলিটকের জবপোর্টাল এবং ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (ই-মেইল/মেসেজে এর subject এ Organization Name: BSTI, Post. Name, Applicant's user ও ID contact Number অবশ্যই উল্লেখ করতে হবে । আবেদনে উল্লিখিত শেষ তারিখ ও সময়ের পর আবেদন সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

(ট) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(২০) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(২১) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইন -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

Hasan 22/6/23

(মোঃ মেহেদী হাসান বিশ্বাস)
উপপরিচালক (প্রশাসন-১)
ও সদস্য-সচিব
বিএসটিআই সিলেকশন কমিটি
বিএসটিআই, ঢাকা।